# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 23-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

----------------------------------------

১) ষষ্ঠ পর্যায়ের লোকসভা নির্বাচনের প্রচার অভিযানের আজ সমাপ্তি। এই পর্যায়ে আগামী শনিবার ৮ টি রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের ৫৮ টি লোকসভা আসনে ভোটগ্রহন।

২) সপ্তম পর্যায়ে আগামী পয়লা জুন অনুষ্ঠেয় নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান জোরদার।

৩) লখিমপুর জেলায় পুলিশের জিম্মায় একজন লোকের মৃত্যুর ঘটনা সম্পর্কে পুলিশ সঞ্চালক প্রধানের তদন্তের নির্দেশ।

এবং

৪) বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে রাজ্যের বিভিন্ন স্থানে বৌদ্ধ ধর্মাবলম্বী লোকেদের উৎসাহ উদ্দীপনায় গৌতম বুদ্ধের আবির্ভাব তিথি পালন।

---------------------------------------------------------------------------

ষষ্ঠ পর্যায়ের লোকসভা নির্বাচনের প্রচার অভিযান আজ বিকেলে শেষ হয়েছে । এই পর্যায়ে আগামী ২৫ শে মে ৮ টি রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের মোট

৫৮ টি লোকসভা আসনে ভোটগ্রহণ করা হবে ।এই আসনগুলির মধ্যে বিহারের ৮ টি , হরিয়ানার ১০ টি ,জম্মু ও কাশ্মীরের একটি , ঝারখন্ডের ৪ টি , দিল্লীর ৭ টি , ওড়িষ্যার ৬ টি উত্তরপ্রদেশের ১৪ টি ও পশ্চিমবংগের ৮ টি আসন রয়েছে ।উল্লেখ্য ষষ্ঠ পর্যায়ে ভোটগ্রহন অনুষ্ঠেয় ৫৮ টি লোকসভা আসনের জন্য মোট ৮৮৯ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।আগামী শনিবার সকাল ৭ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত এই পর্যায়ের ভোট গ্রহণ করা হবে ।আজ প্রচারের শেষ দিনে বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ও প্রার্থীরা আসনগুলির ভোটদাতাদের মন জয় করার জন্য প্রয়াস চালিয়ে গেছেন ।এদিকে লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ পর্যায়ের জন্য প্রচার ক্রমশ জোরদার হয়ে উঠেছে ।এই পর্যায়ে আগামী পয়লা জুন ৫৭ টি আসনে ভোটগ্রহণ করা হবে ।

বিজেপির প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আজ হরিয়ানার ভিয়ানী মহেন্দ্রগড়ে দলের হয়ে প্রচার চালান । এছাড়া শ্রী মোদী আজ পঞ্জাবের পাটিয়ালা শহরে এক জনসভায় অংশ গ্রহণ করে তার ভাষনে বলেন দেশের ১৪০ কোটি ভারতীয় এন ডি এ সরকারের প্রগতিমূলক পদক্ষেপগুলি উপলব্ধি করতে পারছে । বিজেপির প্রবীন নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ উত্তরপ্রদেশের দুমরিয়াগঞ্জ লোকসভা আসনের প্রার্থীর হয়ে প্রচার চালানোর সময় তার ভাষনে বলেন এন ডি এ সরকার সন্ত্রাসবাদ ও নক্সালবাদ শেষ করে দেশকে সমৃদ্ধশালী করে তোলার স্বপ্ন দেখছে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ওড়িষার সম্বলপুর ও চম্পুরায় নির্বাচনী প্রচারে অংশ নেন ।

দিল্লীতে লোকসভা নির্বাচনের প্রচার তুংগে উঠেছে । দিল্লীর সাতটি আসনের জন্য প্রচার অভিযান আজ শেষ হয়েছে ।প্রবীন বিজেপি নেতা তথা কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ পশ্চিম দিল্লী লোকসভা আসনের দ্বারকায় একটি নির্বাচনী জনসভায় ভাষন দেন । দলের আরেক প্রবীন নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী পীযুষ গোয়েল পশ্চিম দিল্লীর নজফগড় এলাকায় একটি রোড শোতে অংশ গ্রহণ করেন । বিজেপি নেত্রী তথা কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানী চান্দনী চক লোকসভা আসনের অশোক বিহার এলাকায় একটি রোড শোতে অংশ গ্রহণ করেন ।

অন্যদিকে কংগ্রেসের নেতা রাহুল গান্ধী আজ  উত্তরপূর্ব দিল্লীর লোকসভা আসনের দিলশ্বাদ গার্ডেন এলাকার একটি নির্বাচনী সভায় অংশ গ্রহণ করেন ।সভায় ভাষন দেবার সময় বিজেপি নেতৃত্বাধীন সরকারের সমালোচনা করে তিনি বলেন যে সরকার দারিদ্রতা ও অসমতাকে দীর্ঘস্থায়ী করতে চাইছে । বেকার সমস্যার জন্য দেশের যুব সম্প্রদায় বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে শ্রী গান্ধী অভিযোগ করেন । একই ভাবে আম আদমী পার্টির শীর্ষ নেতারা ও দলীয় প্রার্থীর হয়ে রোড শো সহ বিভিন্ন ধরনের প্রচার অভিযান চালান ।

-----------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের পঞ্চম পর্য্যায়ে দেশে ৬২ দশমিক ২-০ শতাংশ ভোট পড়েছে । এরমধ্যে পুরুষ ভোটার হচ্ছেন ৬১ দশমিক ৪-৮ শতাংশ , মহিলা ভোটার হচ্ছেন ৬৩ শতাংশ এবং  তৃতীয় লিঙ্গের ভোটার হচ্ছেন ২১ দশমিক ৯-৬ শতাংশ যারা গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করেছেন । নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে যে দেশে পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশী ৭৮ দশমিক ৪-৩ শতাংশ মহিলা যারা ভোটাধিকার প্রয়োগ করেছেন । এরপরই রয়েছে ওড়িশ্যার মহিলা ভোটার যারা ৭৪ দশমিক৭-৭ শতাংশ ভোট দিয়েছেন । উল্লেখ্য পঞ্চম পর্য্যায়ে দেশের ৬টি রাজ্য ও দুটো কেন্দ্র শাসিত অঞ্চলের ৪৯টি লোকসভা আসনে ৬৯৫ জনের রাজনৈতিক ভাগ্য নির্ধারন হয়েছে ।

-----------------------------------------------------------------------------

বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ২০১৪ এবং ২০১৯ সালের লোকসভা নির্বাচনে দূর্নীতি এবং হিতাধিকারী মূল বিষয় হিসেবে পরিগণিত হওয়ার বিপরীতে ২০২৪ সালের নির্বাচনে বিকশিত ভারত মূল বিষয় হিসেবে পরিগণিত হয়েছে ।একটি ইংরেজী দৈনিক পত্রিকার এক সাক্ষাৎকারে শ্রী মোদী বলেন যে সমগ্র দেশের জনসাধারণ এবারের নির্বাচনকে একটি গুরুত্বপূর্ণ নির্বাচন হিসেবে অনুধাবন করতে পারছে ।এই নির্বাচন দেশের আশা আকাঙ্খার সমানুপাতিক গতিতে বিকশিত ভারতের লক্ষ্যে উপনীত হওয়ার বিষয়টি নিশ্চিত করবে বলে ভোটদাতারা উপলব্ধি করতে পারছেন বলে তিনি মত ব্যক্ত করেন ।

-----------------------------------------------------------------------------

লখিমপুর জেলার খেলমাটি পুলিশ থানায় একজন  অভিযুক্ত লোকের মৃত্যুর ঘটনা সম্পর্কে পুলিশ সঞ্চালক প্রধান তদন্ত ঘোষণা করেছেন ।পুলিশ সূত্রে জানা গেছে যে মোবাইল চুরির অভিযোগে একজন লোককে আটক করা হয়েছিল । পুলিশের হেফাজতে থাকা অবস্থায় লোকটি অসুস্থ হয়ে পরলে তাকে হাসপাতালে প্রেরণ করা হলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করে ।এই ঘটনায় স্থানীয় জনসাধারণ এবং লোকটির পরিবারের সদস্যরা পুলিশের বিরুদ্ধে অত্যাচারের অভিযোগ করে থানা ঘেরাও করে উত্তপ্ত পরিস্থিতির সৃষ্টি করে ।এদিকে এই ঘটনার পরিপ্রেক্ষিতে পুলিশ থানার ভারপ্রাপ্ত অধিকারীক সহ একজন পুলিশের জওয়ান কে তাৎক্ষণিকভাবে বরখাস্থ করা হয়েছে ।উত্তর সংমন্ডলের উপ পুলিশ মহাপরিদর্শক ইতিমধ্যে ঘটনাস্থলে উপস্থিত হয়েছেন ।

---------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন প্রান্তের সঙ্গে আসামেও আজ বৌদ্ধ ধর্মাবলম্বী লোকেরা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে বুদ্ধপূর্ণিমা উৎসব পালন করে ।এই বৈশাখী পূর্ণিমা তিথিতেই গৌতম বুদ্ধের আবির্ভাব এবং এই একই তিথিতে তিনি বোধিস্বত্ব লাভ  ও  মহাপরিনির্বাণ লাভ করেন ।এদিকে রাজ্যের বিভিন্ন বৌদ্ধ বিহার , বৌদ্ধ মন্দির ইত্যাদিতে আজ এ উপলক্ষে ধর্মীয় পতাকা উত্তলন , মাঙ্গলিক কার্যসূচী ইত্যাদির আয়োজন করা হয় ।গুয়াহাটী আমিনগাও বৌদ্ধ মন্দির , রঙ্গিয়ার বৌদ্ধ স্তুপ , শিবসাগর বরপুখুরীর বৌদ্ধ বিহারে আজ সকাল থেকেই বহু ভক্ত সমাগম পরিলক্ষিত হয়েছে ।
রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় বুদ্ধ পূর্ণিমা  উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানান । রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু এক বার্তায় বলেন যে গৌতম বুদ্ধ মানব জাতি ও সব জীবের প্রতি সত্য অহিংসা সম্প্রীতি এবং স্নেহ ভালোবাসার পথ দেখিয়েছেন ।তিনি বলেন যে গৌতম বুদ্ধের সহিষ্ণুতা , আত্মসচেতনতা সবাইকে মানবজাতির সেবার জন্য কাজ করে যেতে উদ্বুদ্ধ করে ।
উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় এক বার্তায় বলেন যে ভগবান গৌতম বুদ্ধের বাণী নৈতিক আচরণ , মানসিক অনুশাসন এবং প্রজ্ঞার শিক্ষা দেয় ।বুদ্ধদেবের চতুরার্য সত্য এবং অষ্টমার্গের তত্ব জনসাধারণকে করুণা ও অহিংসার পথ

অনুসরণ করার ক্ষেত্রে সহায়তা করছে বলে তিনি মন্তব্য করেন ।রাজ্যপাল গুলাব চান্দ কাটারিয়া ও বুদ্ধপূর্ণিমা উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।এক বার্তায় রাজ্যপাল বলেন যে বুদ্ধের করুণা , সততার পাঠ ,অহিংসা সম্প্রীতি ও ভ্রাতৃত্ববোধের শিক্ষা চির প্রাসঙ্গিক হয়ে থাকবে ।তিনি বুদ্ধদেবের শিক্ষা থেকে অনুপ্রেরণা নিয়ে ন্যায় ও সত্যের পথে থেকে সমাজের জন্য কাজ করে যাবার আহ্বান জানান ।

-----------------------------------------------------------------------------

গৌহাটীর আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান কেন্দ্র আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন স্থানে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে ।অন্যদিকে আগামী রবিবার রাজ্যের দু একটি স্থানে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড় ও ধারাবাহিক বৃষ্টিপাত হবার সম্ভাবনা রয়েছে বলে প্রকাশ করেছে । আগামী সোমবার ও একই ধরনের বৃষ্টিপাত হবার সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া বিজ্ঞান কেন্দ্র প্রকাশ করেছে ।

-----------------------------------------------------------------------------

হাইলাকান্দির পরিবেশ সংরক্ষনকারী সংস্থা দ্য গ্রিনস ও জেলা বন বিভাগের উদ্যোগে এবং শ্রী কিষান সারদা কলেজের সহযোগীতায় ৫ ই জুন বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে নবম ও দশম শ্রেনীর ছাত্র ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগীতার আয়োজন করা হচ্ছে।রচনা প্রতিযোগীতার বিষয় হচ্ছে ভূমিক্ষয় প্রতিরোধে পরিবেশ সংরক্ষনের ভূমিকা the role enviromental conservation in preventing land degradation রচনা ইংরেজি ও বাংলাভাষা পাচশত শব্দের মধ্যে হতে হবে । জমা দেবার শেষ তারিখ তেসরা জুন । ছাত্র ছাত্রীরা ড: যজ্ঞেশ্বর এব , রাষ্ট্রবিজ্ঞান বিভাগ এস এস কলেজ হাইলাকান্দি এবং অখিল দত্ত  ডি এফ ও ফরেস্ট অফিস কলেজ রোড এই ঠিকানায় জমা দিতে পারবে ।ঐ দিবসের অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে বসে আকো প্রতিযোগীতা । এছাড়া ঐদিন সকাল ৮ টায় হাইলাকান্দি ব্লক প্রাংগনে বৃক্ষরোপন , সকাল ১০ টায় পুরসভার সহযোগীতায় শ্রী কিষান সারদা কলেজ প্রাংগনে সাফাই অভিযান । ৬ ই জুন

সকাল সাড়ে দশটায় শ্রী কিষান সারদা কলেজে আলোচনা সভা । পুরষ্কার বিতরনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান ।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড়-করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলা কমিটির পক্ষ থেকে উচ্চ মাধ্যমিক উর্ত্তীন সব ছাত্র-ছাত্রীদের স্নাতক স্তরে কলেজে সি ইউ ই টি ছাড়া সুযোগ প্রদান করতে দাবী জানানো হয়েছে । সংগঠনের রাজ্য সভাপতি প্রজ্জোল দেব আজ শিলচরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সি ইউ ই টি পরীক্ষা নিয়ে বরাক উপত্যকার ছাত্র-ছাত্রীরা যেভাবে চরম সমস্যার সম্মুখিন হচ্ছে এতে ক্ষোভ প্রকাশ করে স্থানীয় বিধায়কদের এ বিষয়ে পদক্ষেপ গ্রহনের দাবী জানিয়েছেন । সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে সংগঠনের সহ-সভাপতি হিল্লোল ভট্টাচার্য্য , কাছাড় জেলা কমিটির সভাপতি স্বাগতা ভট্টাচার্য্য , করিমগঞ্জ জেলা সভাপতি সুজিত কুমার পাল প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

করিমগঞ্জ জেলার বদরপুর ঘাটে জাতীয় সড়কে আজ সকালে এক ভয়াবহ সড়ক দূর্ঘটনা সংঘটিত হয়েছে । আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন যে একটি ডাম্পারের সাথে একটি আটোর সংঘর্ষের ফলে ঘটনাস্থলেই এক বৃদ্ধের মৃত্যু হয়েছে । মৃত ব্যাক্তির নাম পরেশ দাস ।

---

হাইলাকান্দি শহরের ৫ নম্বর ওয়ার্ডে আজ এক ভয়াবহ অগ্নিকান্ড ঘটনা সংঘটিত হয় । অগ্নিকান্ডে কয়েকটি বাসগৃহ সম্পূর্ন ভস্মীভূত হওয়া সহ দুই ব্যাক্তি আহত হয়েছেন । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে বৈদ্যুতিক শর্ট সার্কিটের ফলে অগ্নিকান্ড সংঘটিত হয়েছে বলে আশংকা করা হচ্ছে। প্রায় এক ঘন্টার প্রচেষ্টার ফলে আগুন নিয়ন্ত্রনে এসেছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

---

করিমগঞ্জ জেলা নাথ মিশনের ব্যবস্থাপনায় আজ জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে মহাযোগী গোরক্ষনাথের আর্বিভাব তিথি উপলক্ষ্যে গোরক্ষা জয়ন্তী উৎসব

পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সকালে একটি র‍্যালি বের হয়ে শহর পরিক্রমা করে এবং পরে গোরক্ষনাথের জীবন ও কর্ম নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------